গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪৩.১৬.০০২.২৪.১১৮

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: "স্বাধীনতা পুরস্কার ২০২৫" এর জন্য মনোনয়ন প্রস্তাব আহবান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৭১২.২৩.০০৭.২১-১১৯ তারিখ: ০৭ অক্টোবর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি (সংলগ্নীসহ) এসাথে প্রেরণ করা হলো।

২। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক স্বাধীনতা পুরস্কার ২০২৫-এর মনোনয়ন প্রস্তাবের নির্ধারিত ছক পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩৫(পঁয়ত্রিশ) সেট হার্ডকপি ও সফটকপি আগামী ১৭ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে Nikosh ফন্টে ই-মেইল-ssmoys2021@gmail.com এ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সমন্বয়-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-১০-২০২৪
মোঃ আব্দুর রশিদ
সহকারী সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
২। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর;
৩। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ;
৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর;
৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এবং
৭। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪৩.১৬.০০২.২৪.১১৮/১ (২)

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি:

১। যুগ্মসচিব, সমন্বয় ও আইন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং
২। ব্যক্তিগত কর্মকর্তা , সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭১২.২৩.০০৭.২১-১১৯

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ / ০৭ অক্টোবর ২০২৪

**বিষয়ঃ "স্বাধীনতা পুরস্কার-২০২৫" এর মনোনয়ন প্রস্তাব আহ্বান।**

স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, বিজ্ঞান ও প্রযুক্তি, শিক্ষা, সাহিত্যসহ মোট ১৩ (তেরো)টি ক্ষেত্রে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, গোষ্ঠী এবং সংস্থার গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৭৭ সাল থেকে সরকার স্বাধীনতা পুরস্কার প্রদান করে আসছে। এর ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগ "স্বাধীনতা পুরস্কার-২০২৫" এর মনোনয়ন প্রস্তাব আহবান করছে।

২। মন্ত্রণালয়/বিভাগসমূহ নিজ নিজ কার্যসংশ্লিষ্ট ক্ষেত্রে পুরস্কারের জন্য এবং ইতঃপূর্বে স্বাধীনতা পুরস্কারপ্রাপ্তগণ নির্ধারিত যে কোনো ক্ষেত্রে পুরস্কারের জন্য প্রস্তাব করতে পারবেন।

৩। সংশ্লিষ্ট কাগজপত্রসহ মনোনয়ন প্রস্তাবের ৩০(ত্রিশ) সেট আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে **(সিনিয়র সহকারী সচিব, প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা, কক্ষ নং-১১/১, ভবন-১, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০)** প্রেরণের জন্য অনুরোধ করা হলো। **মনোনয়ন প্রস্তাবের সফটকপি Nikosh ফন্টে ই-মেইলে (adc2s@cabinet.gov.bd) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।**

উল্লেখ্য, স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

সংযুক্তি: **ক) স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি-২০২৪;**
**খ) স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক; এবং**
**গ) স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক।**

০৭/১০/২৪
মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব
সমন্বয় ও সংস্কার
ফোনঃ+৮৮-০২-৯৫১৩৪৩৩
E-mail: secy_cnr@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

যুব ও ক্রীড়া

মুখ্য সচিব/সিনিয়র সচিব/সচিব (সকল).................................................
প্রধান উপদেষ্টার কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব,........................................ মন্ত্রণালয়/বিভাগ।
(মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

২। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি

(এপ্রিল ২০২৪ পর্যন্ত সংশোধিত)

মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
www.cabinet.gov.bd

নম্বর- ০৪.০০.০০০০.৭১২.২২.০০৫.১৯-৫৩

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৪

বিষয়: **স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি**

কোনো ব্যক্তি, গোষ্ঠী, প্রতিষ্ঠান এবং সংস্থাকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সরকার স্বাধীনতা পুরস্কারে ভূষিত করিতে পারেন:

১.০১ স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ;

১.০২ বিজ্ঞান ও প্রযুক্তি;

১.০৩ চিকিৎসাবিদ্যা;

১.০৪ শিক্ষা;

১.০৫ সাহিত্য;

১.০৬ সংস্কৃতি;

১.০৭ ক্রীড়া;

১.০৮ পল্লী উন্নয়ন;

১.০৯ সমাজসেবা/জনসেবা;

১.১০ জনসংখ্যা নিয়ন্ত্রণ;

১.১১ জনপ্রশাসন;

১.১২ গবেষণা ও প্রশিক্ষণ;

১.১৩ সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্র।

২। বিদ্যমান নির্দেশাবলিতে উল্লিখিত ক্ষেত্রসমূহ অনুযায়ী প্রাথমিক মনোনয়ন প্রস্তাব আহবান করা হইবে। তবে, স্বাধীনতা পুরস্কার দেশের সর্বোচ্চ জাতীয় ও রাষ্ট্রীয় পুরস্কার বিধায় এই পুরস্কারের জন্য চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচনকালে দেশ ও মানুষের কল্যাণে অসাধারণ অবদান রাখিয়াছেন, এমন সীমিত সংখ্যক ব্যক্তি/প্রতিষ্ঠানকেই বিবেচনা করা হইবে। এই ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের সামগ্রিক জীবনের কৃতিত্ব (lifetime achievement) সবচাইতে বেশি গুরুত্ব পাইবে।

৩। কোনো বছরে সাধারণভাবে পুরস্কারের সংখ্যা হইবে ১০ (দশ)। তবে, মাননীয় প্রধানমন্ত্রী ইচ্ছা পোষণ করিলে কোনো বছর এই পুরস্কারের সংখ্যা বা ক্ষেত্র হ্রাস/বৃদ্ধি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন। কেবল বাংলাদেশের নাগরিকগণ কিংবা প্রতিষ্ঠান/সংস্থাসমূহ স্বাধীনতা পুরস্কার পাওয়ার যোগ্য হইবেন/হইবে।

৪। স্বাধীনতা পুরস্কার হিসাবে ১৮ (আঠার) ক্যারেট মানের ৫০ (পঞ্চাশ) গ্রাম স্বর্ণ দ্বারা নির্মিত একটি পদক, পদকের একটি রেপ্লিকা, ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা ও একটি সম্মাননাপত্র প্রদান করা হইবে। পুরস্কার প্রাপকদেরকে দেয় সম্মাননাপত্র সংলাগ 'গ' নমুনানুসারে হইবে।

৫। পুরস্কারের জন্য মনোনীত কোনো ব্যক্তি/গোষ্ঠী/প্রতিষ্ঠান/সংস্থা পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানাইলে বা নির্দিষ্ট তারিখে পুরস্কার গ্রহণ করিবেন/করিবে মর্মে কোন সুনিশ্চিত সম্মতি পাওয়া না গেলে নির্বাচিত ব্যক্তি/গোষ্ঠী/প্রতিষ্ঠান/সংস্থার নাম পুরস্কারপ্রাপ্তদের চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হইবে না। অর্থাৎ তাঁহার/তাঁহাদের নাম পুরস্কারপ্রাপ্ত হিসাবে ঘোষণা করা হইবে না।

৬। কোনো ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য মৃত ব্যক্তিকে চূড়ান্তভাবে (মরণোত্তর) মনোনীত করা হইলে পুরস্কার প্রদান অনুষ্ঠানে পুরস্কার গ্রহণের জন্য যদি তাঁহার যথাযথ উত্তরাধিকারী খুঁজিয়া পাওয়া না যায় সেই ক্ষেত্রে ঘোষিত পুরস্কারটি সংরক্ষণের জন্য সাধারণভাবে জাতীয় যাদুঘরে প্রেরণ করা হইবে। তবে, কোনো সময় পুরস্কারপ্রাপ্ত মৃত ব্যক্তির সহিত ব্যক্তিগতভাবে বা পেশাগতভাবে সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান/সংস্থা উপযুক্ত বিবেচিত হইলে ঘোষিত পুরস্কার এবং পুরস্কারের পদক, অর্থ ও সম্মাননাপত্র সেই প্রতিষ্ঠান/সংস্থাকে প্রদান করা যাইবে। প্রতিষ্ঠান/সংস্থার প্রধান কিংবা উহার মনোনীত প্রতিনিধি অনুষ্ঠানে উপস্থিত থাকিয়া পুরস্কার গ্রহণ করিতে পারিবেন।

৭। স্বাধীনতা পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে:

৭.০১ মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি বৎসর সেপ্টেম্বর মাসের মধ্যে পরবর্তী বৎসরের স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাব আহবান করিয়া সকল মন্ত্রণালয়/বিভাগ এবং ইতঃপূর্বে স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কারপ্রাপ্তদের নিকট পত্র প্রেরণ করিবে।

৭.০২ মন্ত্রণালয়/বিভাগসমূহ নিজ নিজ কার্যসংশ্লিষ্ট ক্ষেত্রে পুরস্কারের জন্য এবং ইতঃপূর্বে স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কারপ্রাপ্তগণ নির্ধারিত যে কোনো ক্ষেত্রে পুরস্কারের জন্য প্রস্তাব করিতে পারিবে/পারিবেন। তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের জন্য উপানুচ্ছেদ ১.০১ থেকে ১.১৩ পর্যন্ত উল্লিখিত ক্ষেত্রসমূহের মধ্যে কেবল একটি ক্ষেত্রে পুরস্কারের জন্য প্রস্তাব করা যাইবে। কোনো প্রস্তাবকারী কর্তৃক একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে একাধিক ক্ষেত্রের জন্য সুপারিশ করা যাইবে না। তবে, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তির ক্ষেত্র নির্ধারণ বা পরিবর্তন করিতে পারিবে।

৭.০৩ পুরস্কারের জন্য প্রস্তাব ব্যক্তির ক্ষেত্রে সংলাগ-'ক' এবং প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে সংলাগ-'খ'-তে প্রদত্ত ছক অনুযায়ী প্রস্তুত করিয়া প্রতিটি প্রস্তাবের ৩০ (ত্রিশ) প্রস্থ অনুলিপি নভেম্বর মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে পৌঁছাইতে হইবে।

৭.০৪ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কারে ভূষিত ব্যক্তিগণের নিকট হইতে প্রাপ্ত প্রস্তাবসমূহ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হইবে। যাচাই-বাছাই করার পর প্রস্তাবসমূহ জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির মাধ্যমে প্রক্রিয়াকরণান্তে মাননীয় প্রধানমন্ত্রীর বিবেচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইবে। প্রাপ্ত প্রস্তাবসমূহের বাহিরেও কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের সন্তোষজনক কৃতিত্ব থাকিলে জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি তাহাকে পুরস্কার প্রদানের জন্য বিবেচনা ও সুপারিশ করিতে পারিবে।

৭.০৫ সরকার কর্তৃক নির্ধারিত তারিখে যথাযথ ভাবগাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে স্বাধীনতা পুরস্কার বিতরণ করা হইবে।

৭.০৬ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে যোগদানকারী পুরস্কার প্রাপক বা উপ-অনুচ্ছেদ ৭.০৭ ও ৭.০৮ এ বর্ণিত ব্যক্তি নিজ আবাসস্থল হইতে পুরস্কার বিতরণ অনুষ্ঠানস্থল (বিদেশে অবস্থানকারীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস) পর্যন্ত যাতায়াত বাবদ রেল, নৌ বা সড়ক পথে ভ্রমণের জন্য প্রথম শ্রেণির প্রকৃত ভাড়া, আকাশ পথে ভ্রমণের জন্য ইকোনমি শ্রেণির প্রকৃত ভাড়া এবং সরকার কর্তৃক নির্ধারিত হারে সর্বোচ্চ ৩ (তিন) দিনের দৈনিক ভাতা প্রাপ্য হইবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/দূতাবাস প্রধান এই দাবি পরিশোধের ব্যবস্থা করিবেন। এইরূপ পরিশোধিত অর্থ মন্ত্রিপরিষদ বিভাগের বাজেট বরাদ্দ হইতে পুনর্ভরণ করা হইবে। দ্রব্যমূল্যের সহিত সঙ্গতি রাখিয়া সরকার সময় সময় ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার নির্ধারণ করিবে।

৭.০৭ মরণোত্তর পুরস্কার প্রদানের ক্ষেত্রে এবং যে সকল ক্ষেত্রে পুরস্কার প্রাপক অনিবার্য কারণবশত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত হইতে অপারগ, সে সকল ক্ষেত্রে পুরস্কার প্রাপকের স্ত্রী বা স্বামী অথবা যথাযথ উত্তরাধিকারী পুরস্কার গ্রহণের জন্য অনুষ্ঠানে উপস্থিত থাকিতে পারিবেন।

৭.০৮ যদি পুরস্কার প্রাপক অথবা মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস রহিয়াছে, সেই ক্ষেত্রে পুরস্কার বিতরণ অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হইবে এবং দূতাবাস প্রধান পুরস্কার প্রদান করিবেন। পুরস্কারের অর্থ দূতাবাস কর্তৃক পুরস্কার প্রাপককে প্রদান করা হইবে এবং মন্ত্রিপরিষদ বিভাগ দূতাবাসকে উক্ত অর্থ পুনর্ভরণ করিবে।

৭.০৯ যদি পুরস্কার প্রাপক বা মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী এমন কোন দেশে অবস্থান করেন যেখানে বাংলাদেশের দূতাবাস নাই, সেই ক্ষেত্রে বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে পুরস্কার তাঁহার নিকট প্রেরণ করা হইবে। পুরস্কারের অর্থ বাংলাদেশী মুদ্রার বিনিময় হারের ভিত্তিতে সংশ্লিষ্ট দেশের মুদ্রায় অথবা মার্কিন ডলার/পাউন্ড স্টার্লিং এ প্রদান করা হইবে।

৭.১০ কোন পুরস্কার প্রাপক বা মরণোত্তর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তির যথাযথ উত্তরাধিকারী পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকিতে সক্ষম না হইলে তিনি পুরস্কারটি বীমাকৃত ডাকযোগে অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতির মাধ্যমে তাঁহার নিকট প্রেরণের অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

৭.১১ স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুনরায় স্বাধীনতা পুরস্কার বা অন্য কোনো জাতীয় পর্যায়ের পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা হইবে না।

৮। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক স্বাধীনতা দিবস পুরস্কার/স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত নির্দেশাবলি এতদ্বারা বাতিল/সংশোধন করা হইল।

(মোঃ মাহবুব হোসেন)
মন্ত্রিপরিষদ সচিব

বিজি প্রেস ৮২৬৯/২০২৩-২৪ (কমঃ সি-৪)—৫০০ বই, ২০২৪। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

# স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক

| প্রস্তাবিত ব্যক্তির পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি সংযুক্ত করিতে হইবে। |
|---|

**প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য**

১। ব্যক্তিগত তথ্যঃ

১.০১ নাম বাংলায়ঃ

ইংরেজিতেঃ

১.০২ পিতার নামঃ

১.০৩ মাতার নামঃ

১.০৪ জন্ম তারিখঃ

১.০৫ মরণোত্তর পুরস্কারের প্রস্তাবের ক্ষেত্রে মৃত্যুর তারিখঃ

১.০৬ নাগরিকত্বঃ

১.০৭ স্থায়ী ঠিকানাঃ

১.০৮ বর্তমান ঠিকানাঃ

১.০৯ ল্যান্ড ফোন নম্বরঃ অফিস/আবাসিক

মোবাইল ফোন নম্বরঃ

১.১০ ফ্যাক্স নম্বরঃ

১.১১ ই-মেইল ঠিকানাঃ

২। শিক্ষাগত যোগ্যতাঃ

| ক্রমিক নং | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শিক্ষা জীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক বিদ্যালয় | | |
| ২. | এস,এস,সি/সমমান | | |
| ৩. | এইচ,এস,সি/সমমান | | |
| ৪. | স্নাতক/সমমান | | |
| ৫. | স্নাতকোত্তর/সমমান | | |
| ৬. | উচ্চতর ডিগ্রি | | |
| ৭. | উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা | | |

৩। প্রকাশিত উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই ইত্যাদির বিবরণঃ

| ক্রমিক নং | প্রকাশিত গবেষণা/ প্রবন্ধ/বই ইত্যাদির শিরোনাম | প্রকাশক/জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বৎসর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৪। প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদক ইত্যাদির বিবরণঃ

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকের নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যে কাজের জন্য পাইয়াছেন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৫। সামাজিক/সাংস্কৃতিক/রাজনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য কার্যক্রমঃ

| ক্রমিক নং | সংস্থার নাম ও ঠিকানা | কোন দায়িত্বপূর্ণ পদে থাকিলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৬। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হইতেছে সেই ক্ষেত্রে প্রস্তাবিত ব্যক্তির অবদানঃ

৭। উল্লেখ করার মত অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে তার বিবরণঃ

৮। প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোন তথ্যের জন্য বা অন্য যে কোন প্রয়োজনে যাহার সঙ্গে যোগাযোগ করিতে হইবেঃ

৮.০১ নামঃ

৮.০২ বর্তমান ঠিকানাঃ

৮.০৩ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

৮.০৪ ফ্যাক্স নম্বরঃ

৮.০৫ ই-মেইল ঠিকানাঃ

৯। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি অনিবার্য কারণে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকিতে না পারিলে যিনি পুরস্কার গ্রহণ করিবেনঃ

৯.০১ নামঃ

৯.০২ পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তির সঙ্গে সম্পর্কঃ

৯.০৩ বর্তমান ঠিকানাঃ

৯.০৪ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

৯.০৫ ফ্যাক্স নম্বরঃ

৯.০৬ ই-মেইল ঠিকানাঃ

১০। প্রস্তাবঃ

..........................................(প্রস্তাবিত ব্যক্তির নাম)..............................সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্যসাধারণ অবদান ও সামগ্রিক জীবনের অর্জন বিবেচনায় তিনি স্বাধীনতা পুরস্কার পাইবার যোগ্য। আমি ২০..............সালে.................................. ক্ষেত্রে তাঁহাকে স্বাধীনতা পুরস্কার প্রদানের প্রস্তাব করিতেছি।

তারিখঃ

প্রস্তাবকারীর স্বাক্ষর

(..........প্রস্তাবকারীর নাম..........)

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

১১। প্রস্তাবকারীর তথ্যঃ

১১.০১ প্রস্তাবকারী স্বাধীনতা পুরস্কার/স্বাধীনতা দিবস পুরস্কারপ্রাপ্ত হইলে পুরস্কারপ্রাপ্তির বৎসরঃ

১১.০২ প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ হইলে স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নামঃ

১১.০৩ বর্তমান ঠিকানাঃ

১১.০৪ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

১১.০৫ ফ্যাক্স নম্বরঃ

১১.০৬ ই-মেইল ঠিকানাঃ

**<u>প্রস্তাব ছক পূরণ বিষয়ে নির্দেশিকা</u>**

ক. মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব প্রস্তাবে স্বাক্ষর করিবেন।

খ. প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করিবেন।

গ. প্রস্তাব A4 আকারের কাগজের একদিকে কম্পিউটার কম্পোজ করিয়া প্রস্তুত করিতে হইবে এবং Nikosh Font–এ পেন ড্রাইভে ওয়ার্ড ফাইলে (স্ক্যান ফাইল গ্রহণ যোগ্য নয়) প্রস্তাবের সফট কপি প্রেরণ করিতে হইবে।

ঘ. প্রস্তাবিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র ও জন্ম সনদের ফটোকপি এবং মরণোত্তর পুরস্কারের প্রস্তাবের ক্ষেত্রে মৃত্যু সনদের ফটোকপি প্রস্তাবের সাথে সংযুক্ত করিতে হইবে।

ঙ. প্রস্তাব ছকের ৬ ও ৭ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে ঐ সকল বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সহিত সংলাগ আকারে প্রদান করা যাইবে।

চ. ছকের যে সকল বিষয় প্রস্তাবিত ব্যক্তির জন্য প্রযোজ্য নয় সে সকল বিষয়ে ''প্রযোজ্য নয়''

ছ.	ছকটি http.//www.cabinet.gov.bd ঠিকানা হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে।

## স্বাধীনতা পুরস্কারের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক

প্রস্তাবিত প্রতিষ্ঠান প্রধানের পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি এবং প্রতিষ্ঠানের মনোগ্রাম সংযুক্ত করিতে হইবে।

১। প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ

১.০১ নাম বাংলায়ঃ
ইংরেজিতেঃ

১.০২ পূর্ণ ঠিকানাঃ

১.০৩ রেজিস্ট্রেশন নম্বর ও রেজিস্ট্রেশনের বৎসর (প্রযোজ্য ক্ষেত্রে):

১.০৪ প্রধান নির্বাহীর নামঃ

১.০৫ প্রধান নির্বাহীর পদবিঃ

১.০৬ ল্যান্ড ফোন নম্বরঃ অফিস/আবাসিক
মোবাইল ফোন নম্বরঃ

১.০৭ ফ্যাক্স নম্বরঃ

১.০৮ ওয়েবসাইট ঠিকানাঃ

১.০৯ ই-মেইল ঠিকানাঃ

২। প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রম এবং অর্জন/অবদান/কৃতিত্বসমূহঃ

৩। প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদকঃ

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকের নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যে কাজের জন্য পাইয়াছে | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| --- | | | |
| ১০. | | | |

৪। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হইতেছে সে ক্ষেত্রে প্রস্তাবিত প্রতিষ্ঠানের অবদানের সংক্ষিপ্ত বিবরণঃ

৫। উল্লেখ করিবার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকিলে উহার বিবরণঃ

৬। সংযোজিত রিপোর্টসমূহ [টিক (√) অথবা নাই (×) সূচক চিহ্ন দিন]:

৬.০১ ................. সালের বার্ষিক প্রতিবেদন (সর্বশেষটি)।

৬.০২ ................. সালের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (সর্বশেষটি)।

৬.০৩ .................. সালের অডিট প্রতিবেদন (সর্বশেষটি)।

৬.০৪ ................... ................. .................... .................

ও ...............তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস/বোর্ড অব ডাইরেক্টরস/ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণী (সর্বশেষ ৫টি)।

৭। প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোন তথ্যের জন্য বা অন্য যে কোন প্রয়োজনে যাহার সহিত যোগাযোগ করিতে হইবেঃ

৭.০১ নামঃ

৭.০২ পদবিঃ

৭.০৩ ঠিকানাঃ

৭.০৪ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

৭.০৫ ফ্যাক্স নম্বরঃ

৭.০৬ ই-মেইল ঠিকানাঃ

৮। প্রতিষ্ঠান প্রধান পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অনিবার্য কারণে উপস্থিত থাকিতে না পারিলে তাহার স্থলে উপযুক্ত যিনি পুরস্কার গ্রহণ করিবেনঃ

৮.০১ নামঃ

৮.০২ পদবিঃ

৮.০৩ ঠিকানাঃ

৮.০৪ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

৮.০৫ ফ্যাক্স নম্বরঃ

৮.০৬ ই-মেইল ঠিকানা

৯। প্রস্তাবঃ

................................ (প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম) ................................সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্যসাধারণ অবদান বিবেচনায় প্রতিষ্ঠানটি স্বাধীনতা পুরস্কার পাইবার যোগ্য। আমি ২০....... সালে ........................ ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে স্বাধীনতা পুরস্কার প্রদানের প্রস্তাব করিতেছি।

প্রস্তাবকারীর স্বাক্ষর

তারিখঃ

(......প্রস্তাবকারীর নাম.......)

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

১০। প্রস্তাবকারীর তথ্যঃ

১০.০১ প্রস্তাবকারী স্বাধীনতা পুরস্কার/স্বাধীনতা দিবস পুরস্কারপ্রাপ্ত হইলে পুরস্কার প্রাপ্তির বৎসরঃ

১০.০২ প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ হইলে স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নামঃ

১০.০৩ বর্তমান ঠিকানাঃ

১০.০৪ ল্যান্ড ও মোবাইল ফোন নম্বরঃ

১০.০৫ ফ্যাক্স নম্বরঃ

১০.০৬ ই-মেইল ঠিকানাঃ

## প্রস্তাব ছক পুরণ বিষয়ে নির্দেশিকা

ক. মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব প্রস্তাবে স্বাক্ষর করিবেন।

খ. প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করিবেন।

গ. প্রস্তাব A4 আকারের কাগজের এক দিকে কম্পিউটার কম্পোজ করিয়া প্রস্তুত করিতে হইবে এবং Nikosh Font-এ পেন ড্রাইভে ওয়ার্ড ফাইলে (স্ক্যান ফাইল গ্রহণ যোগ্য নয়) প্রস্তাবের সফট কপি প্রেরণ করিতে হইবে।

ঘ. প্রস্তাব ছকের ৪ ও ৫ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে ঐ সকল বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সহিত সংলাগ আকারে প্রদান করা যাইবে।

ঙ. ছকের যে সকল বিষয় প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য নয় সে সকল বিষয়ে ''প্রযোজ্য নয়'' এবং যেগুলি নাই সেগুলির ক্ষেত্রে ''নাই'' লিখিতে হইবে।

চ. ছকটি http.//www.cabinet.gov.bd ঠিকানা হইতে ডাউনলোড করিয়া ব্যবহার করা যাইবে।